

# ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ

মহাপরিচালক: শাইখ মুহাম্মদ সালেহ

111513 - ফজর হওয়ার ব্যাপারে সন্দেহে নিয়ে রোযাদার খতে পারনে; কনিতু সূর্য ডোবার ব্যাপারে সন্দেহে নিয়ে ইফতার করতে পারনে না

প্রশ্ন

১। রোযাদার সূর্য ডোবার ব্যাপারে নিশ্চিতি হওয়া কিংবা প্রবল অনুমান লাভ করা ছাড়া রোযাদারের জন্য ইফতার করা জায়যে নয়। কোন রোযাদার যদি সূর্য ডোবার ব্যাপারে সন্দেহে নিয়ে ইফতার করে ফলে পরবর্তীতে জানা যায় যে, ইফতার করার সময় সূর্য ডুবেনি তখন তাকে সেই দিনের রোযা কাযা পালন করতে হবে।

২। কোন ব্যক্তি যদি ফজর হয়েছে; নাকি হয়নি— এ সন্দেহে নিয়ে পানাহার করে তার রোযা সঠিকি। প্রশ্ন হলো প্রথম মাসয়ালায় কনে কাযা ওয়াজবি হয়? আর দ্বিতীয় মাসয়ালায় কনে কাযা ওয়াজবি হয় না।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সূর্য ডোবার ব্যাপারে সন্দেহে নিয়ে রোযাদার যদি ইফতার করে ফলে তাহলে সে রোযাটির কাযা পালন করবে; যহেতে আল্লাহ তাআলা বলছেন: “তোমরা রাত পর্যন্ত রোযা পূরণ কর।” [সূরা বাক্বারা, আয়াত: ১৮৭] রাত শুরু হয় সূর্য ডোবা থেকে। সুতরাং সেই ব্যক্তি নিশ্চিতি ছিলেন যে, সে দিনে রয়ছেন। তাই সে সূর্য ডোবার ব্যাপারে নিশ্চিতি না হওয়া কিংবা প্রবল অনুমান লাভ করা ছাড়া ইফতার করবে না। কেননা মূল অবস্থা হল দিন বলবৎ থাকা। তাই নিশ্চিতি জ্ঞান বা প্রবল অনুমান ছাড়া এ মূল অবস্থা থেকে অন্য অবস্থায় স্থানান্তরিত হবে না।

আর ফজর উদতি হওয়ার ব্যাপারে সন্দেহে নিয়ে যে ব্যক্তি পানাহার করছেন সে ব্যক্তি কাযা পালন করবেন না; যহেতে আল্লাহ তাআলা বলছেন: “আর তোমাদের কাছে কালো রাখা থেকে প্রভাতের সাদা রাখা স্পষ্ট না হওয়া পর্যন্ত (অর্থাৎ রাতের অন্ধকার চলে গিয়ে ভোরের আলো উদ্ভাসিত না হওয়া পর্যন্ত) তোমরা পানাহার কর।” [সূরা বাক্বারা, আয়াত: ১৮৭] আল্লাহ তাআলা বলছেন: “তোমাদের কাছে স্পষ্ট না হওয়া পর্যন্ত।” এ কথা প্রমাণ করে যে, ফজর হওয়ার ব্যাপারে নিশ্চিতি হওয়ার পূর্ব পর্যন্ত পানাহার করা জায়যে। কেননা সে ব্যক্তি যে, রাতের মধ্যে রয়ছে এ ব্যাপারে সে নিশ্চিতি ছিল। তাই ফজর উদতি হওয়ার ব্যাপারে নিশ্চিতি হওয়া ছাড়া পানাহার করা তার জন্য হারাম নয়। যহেতে মূল অবস্থা হল রাত

# ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ  
মহাপরিচালক: শাইখ মুহাম্মদ সালেহ

বলবৎ থাকা।

আরও জানতে দেখুন: [38543](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।